



# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি আগারগাঁও, শেরেবাংলা নগর

ঢাকা-১২০৭।

www.bteb.gov.bd



স্মারক নং ৫৭.১৭.০০০০.২০৯.৩৩.০০৫.১৫.৪৬

তারিখ: ১৪-১১-২০২১ খ্রি.

## বিজ্ঞপ্তি

এইচএসসি (বিজনেজ ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজি) এর পরিমার্জিত শিক্ষাক্রম অনুযায়ী একাদশ-দ্বাদশ শ্রেণির পাঠ্যপুস্তকের জন্য পাড়ুলিপি আহ্বান

২০২১-২০২২ শিক্ষাবর্ষে এইচএসসি (বিজনেজ ম্যানেজমেন্ট অ্যান্ড টেকনোলজি) শিক্ষাক্রমের পরিমার্জিত পাঠ্যসূচী অনুযায়ী একাদশ-দ্বাদশ শ্রেণির বিভিন্ন বিষয়ের পাঠ্যপুস্তক অনুমোদনের লক্ষ্যে আগ্রহী লেখক/প্রকাশকদের নিকট থেকে নিম্নলিখিত বিষয়সমূহের জন্য পাড়ুলিপি আহ্বান করা হচ্ছে। আগামী ১৫/১১/২০২১ খ্রি. তারিখ হতে ২৮/১১/২০২১ খ্রি. তারিখ পর্যন্ত সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড বরাবর ১,০০০/- (এক হাজার) টাকার ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার সচিব বরাবর জমা দিয়ে নাম রেজিস্ট্রেশন করে কারিকুলাম সংগ্রহ করতে হবে। সকল বিষয়ের জন্য পাড়ুলিপি জমাদানের সময় মূল্যায়ন ফি ও অনুমোদন সাপেক্ষে অনুমোদন ফি জমা দিতে হবে।  
আগ্রহী লেখক/ প্রকাশকদের পাড়ুলিপি মূল্যায়ন ফি ও আনুষঙ্গিক ব্যয় বাবদ প্রতি পত্রের পাঠ্যপুস্তকের জন্য ভ্যাট ব্যতীত ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা এবং পাড়ুলিপি অনুমোদিত হলে অনুমোদন ফি প্রতি পত্র বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা ব্যাংক ড্রাফট/ পে-অর্ডারের মাধ্যমে সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা এর অনুকূলে জমা দিতে হবে। তিন বছরের জন্য একটি পাঠ্যপুস্তকের অনুমোদন দেওয়া হবে। অনুমোদনের সময়সীমা অতিক্রান্ত হলে আগ্রহী লেখক/ প্রকাশকগণ পুনঃঅনুমোদন গ্রহণের জন্য ফি-সহ পাড়ুলিপি বোর্ডে জমা দিতে পারবেন। পরিমার্জিত নতুন শিক্ষাক্রম বাস্তবায়িত হলে পাঠ্যপুস্তকের এই অনুমোদন ও পুনঃঅনুমোদন কোনো প্রকার কারণ দর্শানো ছাড়াই বাতিল বলে গণ্য হবে।

### বিষয়সমূহ:

১।	কম্পিউটার অফিস অ্যাপ্লিকেশন-১	৭।	ফিন্যান্সিয়াল কাস্টমার সার্ভিসেস-১
২।	কম্পিউটার অফিস অ্যাপ্লিকেশন-২	৮।	ফিন্যান্সিয়াল কাস্টমার সার্ভিসেস-২
৩।	ডিজিটাল টেকনোলজি ইন বিজনেস-১	৯।	কম্পিউটারাইজড একাউন্টিং সিস্টেম-১
৪।	ডিজিটাল টেকনোলজি ইন বিজনেস-২	১০।	কম্পিউটারাইজড একাউন্টিং সিস্টেম-২
৫।	হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট-১	১১।	ই-বিজনেস
৬।	হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট-২	১২।	ই-মার্কেটিং

### শর্তসমূহ:

- পাড়ুলিপি কম্পিউটারে বেজড কারিকুলাম/সিলেবাস অনুসরণপূর্বক প্রণয়ন করতে হবে এবং কম্পিউটার কম্পোজ করে জমা দিতে হবে। প্রতিটি বিষয়ের ০৪ (চার) কপি করে পাড়ুলিপি জমা দিতে হবে।
- পাঠ্যপুস্তকসমূহ বাংলা একাডেমির বানানরীতি অনুযায়ী প্রণয়ন করতে হবে।
- পাড়ুলিপি নির্ধারিত সাইজ ১/৮ ডিসি (ডাবল ক্রাউন) হবে।
- কন্টেন্ট এরিয়া ৮.৫" x ৫.৭৫" হবে।
- ১২ পয়েন্ট (SutonnyMJ) টাইপ ব্যবহার করতে হবে। সিঙ্গেল লাইন স্পেস দিতে হবে। পৃষ্ঠার একপার্শ্বে ছাপা থাকবে।
- প্রতি পত্রের ০৪ (চার) কপি পাড়ুলিপির ০১ (এক) সেট মার্কিন কাপড়ে সিলগালা অবস্থায় প্যাকেট করে প্যাকেটের উপরে বিষয়ের নাম এবং প্রাপক ও প্রেরকের ঠিকানা উল্লেখ করতে হবে।
- প্রতিটি পাঠ্যপুস্তকের ফি-এর উপর ১৫% হারে ভ্যাট ট্রেজারি চালান (নং ১.১১৩৩-০০৩৫-০৩১১) এর মাধ্যমে জমা দিয়ে চালানের মূল কপি ব্যাংক ড্রাফটের সাথে জমা দিতে হবে।
- প্রকাশনা সংস্থার ট্রেড লাইসেন্স, ই-টিআইএন ও ভ্যাট সার্টিফিকেটের (প্রযোজ্য ক্ষেত্রে) সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।
- জমাকৃত পাড়ুলিপি ফেরত দেওয়া হবে না।
- একটি বিষয়ের বিপরীতে কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান একাধিক পাড়ুলিপি জমা দিতে পারবে না।
- অনুমোদিত বইয়ের ক্ষেত্রে সংযোজনের জন্য বোর্ড থেকে প্রত্যয়ন পত্র প্রদান করা হবে।
- বিদ্যমান শিক্ষাক্রম পুনরায় পরিমার্জিত হলে পাঠ্যপুস্তকের এই অনুমোদন ও পুনঃঅনুমোদন কোনো প্রকার কারণ দর্শানো ছাড়াই বাতিল বলে গণ্য হবে।
- পুস্তক আকারে একাদশ শ্রেণির পাড়ুলিপি জমাদানের শেষ তারিখ ০৯/০১/২০২২ খ্রি. এবং দ্বাদশ শ্রেণির পাড়ুলিপি জমাদানের শেষ তারিখ ১৫/০৩/২০২২ খ্রি.।

শিক্ষাক্রম ও পাড়ুলিপি উপ পরিচালক (প্রকাশনা) এর দপ্তর (বোর্ড-এর নতুন ভবনের ৮ম তলা) হতে অফিস চলাকালীন সময়ে গ্রহণ ও জমা দিতে হবে।

(মোহাম্মদ আবদুল্লাহ আল মাহমুদ জামান)

সচিব

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন: ০২-৫৫০০৬৫২২

ই-মেইল: secretary@bteb.gov.bd